গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
বেসরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd

স্মারক নম্বর : ৪৫.০০.০০০০.০০০.১৬৩.২৭.০০১৪.২৬ (অংশ-২).১০৩

তারিখ : ১২ শ্রাবণ ১৪৩৩ / ২৭ জুলাই ২০২৬

**বিষয় : আদ্-দ্বীন মেডিকেল কলেজ হাসপাতাল, বড় মগবাজার, ঢাকার লাইসেন্স বাতিলের আদেশ প্রত্যাহারপূর্বক কার্যক্রম পুনরায় পরিচালনার অনুমতি প্রদান**

সূত্র : স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং-স্বাঃঅধিঃ/রোঃনিঃ/প্রশাসন/২০২৬-১১৬৮, তারিখ : ১৯.০৭.২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আদ্-দ্বীন মেডিকেল কলেজ হাসপাতাল, বড় মগবাজার, ঢাকায় ০৬ (ছয়) নবজাতক শিশুর মৃত্যুর ঘটনায় উক্ত হাসপাতাল কর্তৃক দাখিলকৃত আপিল ও আপিলের অধিকতর বিবরণীর বিষয়ে গঠিত তদন্ত কমিটিকে গত ১৫.০৭.২০২৬ তারিখে ০৩ কর্মদিবসের মধ্যে সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিলের নির্দেশনা প্রদান করা হয়। উক্ত তদন্ত কমিটি সরেজমিনে পরিদর্শনপূর্বক দাখিলকৃত প্রতিবেদন সন্তোষজনক হওয়ায় নিম্নলিখিত শর্ত সাপেক্ষে হাসপাতালটির লাইসেন্স বাতিলের আদেশ প্রত্যাহারপূর্বক পুনরায় কার্যক্রম পরিচালনার অনুমতি প্রদান করা হলো;

**শর্তাবলী :**

(ক) The Medical practice and private Clinics and laboratories (Regulation) ordinance, 1982 এর নির্দেশনা প্রতিপালন অব্যাহত রাখতে হবে;

(খ) লাইসেন্সের শর্ত অনুযায়ী ডিউটি ডাক্তার ও নার্স নিয়োগের প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করতে হবে; এবং

(গ) লাইসেন্সের শর্তাবলী প্রতিপালনে ব্যর্থ হলে সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষ যে কোন সময় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবে।

স্বাক্ষরিত/-
মোঃ কামরুজ্জামান চৌধুরী
সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
ই-মেইল : secretary@hsd.gov.bd

নির্বাহী পরিচালক
আদ্-দ্বীন মেডিকেল কলেজ হাসপাতাল
২ বড় মগবাজার, ঢাকা

স্মারক নম্বর : ৪৫.০০.০০০০.০০০.১৬৩.২৭.০০১৪.২৬ (অংশ-২).১০৩/১(৯)

তারিখ : ১২ শ্রাবণ ১৪৩৩ / ২৭ জুলাই ২০২৬

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. পুলিশ কমিশিনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা;
২. মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা;
৩. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা;
৪. মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য);
৫. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য);
৬. প্রধানমন্ত্রীর বিশেষ সহকারী (প্রতিমন্ত্রী পদমর্যাদা)-স্বাস্থ্য বিষয়ক এঁর একান্ত সচিব, (মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ সহকারীর সদয় অবগতির জন্য);
৭. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ; স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৮. অতিরিক্ত সচিব (হাসপাতাল) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ; এবং
৯. অফিস কপি।

২৭/৭/২০২৬

মোঃ মহসীন
যুগ্মসচিব